

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.৩৪৭

তারিখ : ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

বিষয় : নরসিংদী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।


সূত্র : স্মারক নং-৪৬.৩০.৬৮০০.১০৬.০৬.১৩.২০২৫-৯৫, তারিখ: ১০/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নরসিংদী জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নোক্ত ০৭(সাত)টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রম	পদের নাম	শূন্য পদ সংখ্যা
১.	প্রধান সহকারী	১(এক)টি
২.	সাঁটলিপিকার	১(এক)টি
৩.	নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক	১(এক)টি
৪.	ড্রাইভার	১(এক)টি
৫.	ইলেকট্রিশিয়ান	১(এক)টি
৬.	অফিস সহায়ক	২(দুই)টি
মোট=		৭(সাত)টি

শর্তাবলী:

১. পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে বা কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে বা তথ্য গোপনের কারণে কোনো পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে। উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ/অপারগ হলে তার যৌক্তিক কারণ ব্যাখ্যাপূর্বক নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০-এর নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে বাংলাদেশের সকল নাগরিক আবেদনের যোগ্যতা-সম্পন্ন হবেন। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সর্বশেষ নীতিমালা, পদ্ধতি ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে; এবং
৭. পদ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহল প্রচারিত ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী।


স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.১৯.৩৪৭/১(৬)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব